বিএড প্রোগ্রাম

২য় সিমেস্টার

শিক্ষাবর্ষ: ২০২৬ (২০২৬ ব্যাচ)

নির্ধারিত কাজ

১. কোর্সের নাম: শিখন ও শিখনযাচাই (EDBN-2401)			পূর্ণমান
নির্ধারিত কাজ- ১	:	জ্ঞানবিকাশ মতবাদের ধারণা ব্যাখ্যাপূর্বক গুরুত্বপূর্ণ শিখন তত্ত্বসমূহ বিশ্লেষণ	১০
নির্ধারিত কাজ- ২	:	বাংলাদেশের মাধ্যমিক পর্যায়ে বিদ্যমান শিখনযাচাই কার্যক্রম মূল্যায়ন	১০

২. কোর্সের নাম: একীভূত শিক্ষা (EDBN-2402)			পূর্ণমান
নির্ধারিত কাজ- ১	:	বিশেষ শিক্ষা (Special Education), সমন্বিত শিক্ষা (Integrated Education) ও একীভূত শিক্ষা (Inclusive Education)-এর ধারণা বর্ণনাপূর্বক তাদের মধ্যকার পার্থক্য নিরূপণ	১০
নির্ধারিত কাজ- ২	:	একীভূত শিক্ষার ক্ষেত্রে শিক্ষা উপকরণের গুরুত্ব ও প্রয়োজনীয়তা বিশ্লেষণ	১০

৩. কোর্সের নাম: প্রাথমিক শিক্ষা (EDBN-2451)			পূর্ণমান
নির্ধারিত কাজ- ১	:	বাংলাদেশের প্রাথমিক শিক্ষার ঐতিহাসিক ক্রমবিকাশ: ব্রিটিশ আমল থেকে স্বাধীনতা পরবর্তী সময় পর্যন্ত পর্যালোচনা	১০
নির্ধারিত কাজ- ২	:	প্রাথমিক স্তরের শিক্ষার্থীদের অনুসন্ধানী ও সৃজনশীল চিন্তনদক্ষতা বিকাশে বহুমুখী শিখন পদ্ধতি ও পর্যবেক্ষণ পদ্ধতির ভূমিকা বিশ্লেষণ	১০

Sakiba Ferdowsi
25.11.2026

25.11.26

নির্ধারিত কাজ (Assignment) তৈরির নির্দেশনা

১. নির্ধারিত কাজ অবশ্যই স্বহস্তে লিখতে হবে (কম্পিউটার কম্পোজ গ্রহণযোগ্য নয়)।

২. নির্ধাারিত কাজ ৪০০-৫০০ শব্দের মধ্যে হতে হবে এবং প্রয়োজনে লাল কালি ব্যতীত অন্যান্য কালি ব্যবহার করা যাবে।

৩. নির্ধারিত কাজ তৈরিতে প্রশিক্ষণার্থী স্বকীয়তা ও সৃজনশীলতা প্রয়োগ করবেন।

৪. নির্ধারিত কাজের কাঠামো হবে নিম্নরূপ:

ক. সর্বপ্রথমে একটি কাভার পৃষ্ঠা থাকবে। কাভার পৃষ্ঠায় কোর্সের নাম, কোড নম্বর, বিষয়বস্তু, প্রশিক্ষণার্থীর আইডি, শিক্ষাবর্ষ, ব্যাচ, সিমেস্টার, স্টাডি সেন্টারের নাম, টিউটরের নাম ও পদবি ইত্যাদি উল্লেখ থাকবে।

খ. দ্বিতীয় পৃষ্ঠায় সূচিপত্র থাকবে।

গ. তৃতীয় পৃষ্ঠা থেকে বিষয়বস্তু এবং সংকেত (যদি থাকে) অনুসারে ধারাবাহিক বর্ণনা থাকবে।

ঘ. সর্বশেষ পৃষ্ঠায় নির্ধারিত কাজটি তৈরির যে সকল গ্রন্থ ও অন্যান্য উৎসের সহায়তা নেয়া হয়েছে তার একটি গ্রন্থপঞ্জি থাকবে।

ঙ. নির্ধারিত কাজটি A4 সাইজের অফসেট কাগজে প্রতি পৃষ্ঠায় একপাশে লিখতে হবে এবং বাঁধাই-এর জন্য বাম পাশে তিনটি স্ট্যাপল করে তা স্কচটেপ দিয়ে ঢেকে দিতে হবে (স্পাইরাল বা অন্য কোন প্রকারের বাঁধাই করা যাবে না)।

৫. বিএড পরীক্ষার রুটিনের সাথে 'নির্ধারিত কাজ' জমা দেওয়ার নির্দিষ্ট তারিখ ও সময় উল্লেখ থাকবে। প্রশিক্ষার্থীগণ উল্লেখিত তারিখ ও সময়ে সশরীরে সংশ্লিষ্ট টিউটরের নিকট জমা দিবেন এবং স্বাক্ষরপত্রে স্বাক্ষর করবেন।

৬. নির্ধারিত কাজ নিম্নলিখিত কারণে বাতিল বলে গণ্য হবে:

ক. নির্দেশনায় উল্লিখিত 'নির্ধারিত কাজের কাঠামো' এবং বাঁধাই অনুসরণ না করে জমাদান।

খ. নির্ধারিত কাজের বিষয়বস্তু ঠিক না থাকা।

গ. নির্ধারিত কাজের কভার পৃষ্ঠা এবং ভিতরের বিষয়বস্তুর গড়মিল।

৭. কোন প্রশিক্ষাণার্থীর নির্ধারিত কাজে কোন প্রকার অসদুপায় অবলম্বনের প্রমাণ পাওয়া গেলে উক্ত প্রশিক্ষণার্থীর নির্ধারিত কাজ বাতিলসহ প্রয়োজনীয় শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে। অসদুপায়ের মধ্যে রয়েছে–

ক. নির্ধারিত কাজ হুবহু কপি করা।

খ. নির্ধারিত কাজ ক্রয় করে জমাদান।

গ. প্রশিক্ষণার্থী স্বহস্তে না লিখে অন্য কোন ব্যক্তিকে দিয়ে লেখানো।

ঘ. অন্য প্রক্ষিণার্থীর নির্ধারিত কাজ উন্নতমানের ফটোকপি করে জমাদান।

বি.দ্রঃ প্রশিক্ষণার্থীরা উপরিউক্ত নির্দেশনা মেনে নির্ধারিত কাজ জমা দিচ্ছে কিনা তা যাচাই করার জন্য টিউটরগণকে অনুরোধ করা হলো।

Sakiba Parvin
25.11.2026

25.11.26

Gazipur-1705, Bangladesh ☎: 02996691107, PABX: 09666-730730, Ext. 605

স্কুল অব এডুকেশন
SCHOOL OF EDUCATION

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
BANGLADESH OPEN UNIVERSITY

গবেষণা রিপোর্ট তৈরির নির্দেশনা

১. বিএড প্রোগ্রামের ২য় সিমেস্টারে **শিক্ষায় গবেষণা (EDBN 2403)** কোর্সটির নির্ধারিত কাজ হিসেবে গবেষণা রিপোর্ট জমা দিতে হবে।

২. প্রতিটি স্টাডি সেন্টারে **শিক্ষায় গবেষণা (EDBN 2403)** কোর্সটির জন্য দায়িত্বপ্রাপ্ত এক/একাধিক টিউটর থাকবেন এবং শিক্ষার্থীদের গবেষণা তত্ত্বাবধায়ক হিসেবে দায়িত্ব পালন করবেন।

৩. কোর্স চলাকালীন সময়ে গবেষণার বিভিন্ন দিক সম্পর্কে টিউটরের নিকট থেকে হাতে কলমে প্রয়োজনীয় নির্দেশনা গ্রহণ করতে হবে।

৪. শিক্ষার্থীরা যে গবেষণা করবেন সেটি সম্পূর্ণভাবে মৌলিক গবেষণা হতে হবে।

৫. টিউটোরিয়াল অধিবেশনে শিক্ষার্থীবৃন্দ নিজ নিজ অনুশীলনকৃত বিদ্যালয়/শ্রেণিকক্ষ ভিত্তিক বিভিন্ন শিক্ষণ-শিখন সমস্যা, প্রাথমিক শিক্ষা, মাধ্যমিক শিক্ষা, উচ্চশিক্ষা, মাদরাসা শিক্ষা, কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা, উপানুষ্ঠানিক শিক্ষা, উন্মুক্ত ও দূরশিক্ষা অথবা শিক্ষা সংশ্লিষ্ট দেশীয়/আন্তর্জাতিক যে কোন একটি নির্দিষ্ট বিষয়ের উপর গবেষণা রিপোর্ট তৈরি করতে হবে।

৬. স্টাডি সেন্টারের দায়িত্বপ্রাপ্ত টিউটর অর্থাৎ গবেষণা তত্ত্বাবধায়কের সাথে আলোচনা করে গবেষণা শিরোনাম ঠিক করতে হবে।

৭. গবেষণা শিরোনাম ও পরিকল্পনা প্রণয়নপূর্বক তা বাস্তবায়নের রূপরেখা (Research Proposal) তৈরি করে টিউটরের নিকট অনুমোদন নিতে হবে।

৮. পরবর্তীতে টিউটরের নির্দেশনা মোতাবেক শিক্ষার্থীবৃন্দ নিজ নিজ গবেষণার ধাপগুলো যথাযথভাবে অনুসরণ করে হাতে কলমে কাজ করে একটি নমুনা গবেষণা রিপোর্ট তৈরি করে তা নির্দিষ্ট দিনে কোর্স টিউটরের নিকট জমা দিতে হবে।

৯. পরবর্তীতে একটি নির্দিষ্ট অধিবেশনে নমুনা প্রতিবেদন শ্রেণিকক্ষে উপস্থাপন ও আলোচনার মাধ্যমে টিউটরের সহযোগিতায় একটি চূড়ান্ত গবেষণা রিপোর্ট তৈরি করে তা নির্দিষ্ট দিনে কোর্স টিউটরের নিকট জমা দিতে হবে।

১০. গবেষণা রিপোর্ট তৈরিতে কোনভাবেই অন্যের কাছ থেকে কপি করা বা অন্য কোন অসদুপায় অবলম্বন করা যাবে না। অসদুপায় অবলম্বন করা হয়েছে এরূপ প্রমাণ পাওয়া গেলে উক্ত শিক্ষার্থীর গবেষণা রিপোট বাতিলসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

১১. গবেষণা রিপোর্ট বাংলা অথবা ইংরেজি যে কোন একটি ভাষায় লেখা যাবে।

১২. গবেষণা রিপোর্ট অবশ্যই স্বহস্তে লিখতে হবে (কম্পিউটার কম্পোজ গ্রহণযোগ্য নয়) এবং কমপক্ষে ১০০০ শব্দ বিশিষ্ট হতে হবে।

১৩. গবেষণা রিপোর্টের রেফারেন্সিং (Referencing)-এর ক্ষেত্রে APA (American Psychological Association) স্টাইল অনুসরণ করতে হবে।

Sakiba Ferdowsi
25.11.2026

25.11.26

Gazipur-1705, Bangladesh ☎: 02996691107, PABX: 09666-730730, Ext. 605